অমৃত বাজার পত্রিকা

৪র্থভাগ { ২৯ বৈশাখ বৃহস্পতিবার ১২৭৮ সাল ১১মে ১৮৭১ খৃঃঅব্দ } ১৩ সংখ্যা

অমৃত বাজার পত্রিকা
২৯ বৈশাখ বৃহস্পতিবার

ঢাকায় কৃষ্ণ গোবিন্দ গুপ্ত সিবিল সর্বিসে পাস হইয়া সপ্তম হইয়াছেন। সে দিন আমরা প্রকাশ করি ঢাকায় দুইটী ছাত্র গিল ক্রাইষ্ট পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন। আর বৎসর এই পরীক্ষায় ঢাকায় আর এক জন উত্তীর্ণ হয়েন। বাবু মন মোহন ঘোষের বাড়ীও ঢাকায়। ঢাকা কি? একটী জেলা, ও উহার ন্যায় ৫৫ টী জেলা বাঙ্গালায় আছে। ঢাকায় যে রূপ কলেজ, হুগলিতে, কৃষ্ণ নগরে, ও বহরমপুরে কলেজ আছে তবে ঢাকার এ রূপ কৃতকার্য্য হওয়ার কারণ কি? প্রকৃত কথা বাঙ্গালের উদ্যমও উৎসাহকে ধন্য বাদ ও পরিণামে এই বাঙ্গাল বাঙ্গলার সর্ব্বে সর্ব্বা হইবেন!

চিবারস সাহেব সহ মরণ বিধির কারণ বাহির করিয়াছেন। তিনি বলেন স্ত্রীলোকে বিষ খাওয়াইয়া স্বামীকে না মারিতে পারে এই নিমিত্ত এই বিধির সৃষ্টি হইয়াছে। কারণ সহ মরণের বিধি থাকিলে স্ত্রী স্বামীকে বধ করিলে তাহারো সঙ্গে সঙ্গে মরিতে হয়, সুতরাং এই বিধির নিমিত্ত স্ত্রী আর স্বামীকে বধ করিতে পারিবে না। চিবাস সাহেবের মতে এই সহমরণ প্রথার কারণ। এই মত খণ্ডনার্থে অনেকে দীর্ঘ দীর্ঘ প্রস্তাব লিখিয়াছেন ও নানা বিধ তর্ক করিয়াছেন ও সেই নিমিত্ত কেবল আমরা এই বিষয়ের উল্লেখ করিলাম। তর্কের দ্বারা তর্ক খণ্ডন করা যায় মনের ভাব দুর করা যায় না। চিবাস সাহেব তাঁহার মনের ভাব মাত্র ব্যক্ত করিয়াছেন, তাহার প্রমাণ দিবার কিছু মাত্র সাধ্য নাই। সেখানে তর্কের দ্বারা তাঁহার মত খণ্ডন করিতে যাওয়া এক প্রকার পাগলামি। তবে চিবাস সাহেবের মনের ভাব পড়িয়া আমাদের এক প্রকার মনের ভাব উদয় হইল। সম্ভবতঃ চিবারস সাহেব তাহার স্ত্রী কি আত্মীয়াকে সন্দেহ করিয়া থাকেন, ও তাহার স্ত্রী কি আত্মীয়া সন্দেহের কোন কারণ করিয়া থাকিবেন। ইহাই দেখিয়া চিবাস সাহেব সিদ্ধান্ত করিয়া থাকিবেন যে স্ত্রীলোকের অসাধ্য কিছু নাই। ইহা যদি করিয়া থাকেন তবে তিনি যেরূপ বিজ্ঞান বিসারদ তাঁহার উপযুক্ত কাজ হয় নাই। কিন্তু আপনার স্ত্রী কি আত্মীয়া দুশ্চরিত্রা বলিয়া স্ত্রীলোকের অধিকাংশ দুশ্চরিত্রা এরূপ সিদ্ধান্ত করা অন্যায় না?

ইংলণ্ডে ষ্টেট সেক্রেটারির ৭ দিন অন্তর সভা বসিয়া থাকে। এই সভায় ভারত বর্ষের ভাগ্য লইয়া বিচার হয়। বিচারকালীন সভ্যগণ একবার উত্তমগোছের জলপান করেন ও মদ্য পান করেন। ইহার ব্যয়ের ভার এদেশীয় দিগের কুলাইতে হইত। এই জল পান শুদ্ধ কৌন্সিলের মেম্বর গণ পাইতেন এরূপ নয়, যত কেরাণী ও চাকর প্রভৃতি সকলেই ইহার অংশ পাইতেন। সম্প্রতি যে ব্যক্তি এই জল পান ও সুরা যোগাইতেন তিনি কদর্য্য মাল দেওয়ায় সভ্যগণ ক্রুদ্ধ হইয়া এই জল পানের রীতিটী একেবারে উঠাইয়া দিয়াছেন, সুতরাং এই বারটী হইতে আমরা অব্যাহতি পাইলাম। যে ব্যক্তি জলপান যোগাইতেন তিনি বেচে থাকুন, তাহাকে শত শত ধন্যবাদ!

রাণী স্বর্ণময়ীকে ষ্টার অব ইণ্ডিয়া উপাধি দিবার কথা হইতেছে। ব্রিটীশ গবর্ণমেণ্ট কান্ত বাবুর নিকট যেরূপ কৃতজ্ঞতা পাশে আবদ্ধ তাহাতে রাণী ঠাকুরাণীর আর কোন গুণ না থাকিলেও এমনি সেই নিমিত্ত তাঁহাকে গবর্ণমেণ্টের উপর একটী দাবি আছে, কিন্তু রাণী স্বর্ণময়ী সে দাবির উপর নির্ভর করেন না। রাণীর যাহা আয় তাহা কেবল সৎকর্ম্মে ব্যয়িত হয়! তিনি অর্থ লইয়া কেবল লোকের উপকারের নিমিত্ত দুই হাত দিয়া ছড়াইয়াছেন। পূর্ব্বে অহল্যা বাইর কথা শুনিয়াছি, রাণী ভবানীর কথা শুনিয়াছি, এক্ষণে রাণী স্বর্ণময়ীর কার্য্য দেখিতেছি। রাণী ভবাণীর অর্থ অধিকাংশ ব্রাহ্মণে ভোগ করিতেছে, রাণী স্বর্ণময়ীর অর্থ কেবল দায় গ্রস্তের দায় মুক্ত করিতেছে। তিনি খ্রিষ্টিয়ান মুসলমান বলিয়া কিছু বাছ গোছ করেন না। রাণী স্বর্ণময়ীকে একটী উপাধি দেওয়া হইবে শুনিয়া দেশ সমেত আনন্দ প্রকাশ করিতেছেন এবং সকলেই ভাবিতেছেন যে তিনি যত আনন্দিত হইয়াছেন এত আর কেহ হয় নাই। তবে রাণী ঠাকুরাণী কি এই সংবাদে আনন্দিত হইতেছেন? তিনি জানেন, তবে রাণী স্বর্ণময়ী মহারাণী বিক্টোরিয়ার যত উপকার করিতেছেন, মহারাণী কোন রূপ উপাধি দিয়াও সে ঋণ হইতে অব্যাহতি পাইতে পারেন না। মনুষ্যে, রাণী স্বর্ণময়ীর নিকট যে ঋণ পাশে আবদ্ধ, ইহা মনুষ্যে কি রাজার পরিশোধ দিতে পারেন না, ইহার শোধ কেবল জগদীশ্বর দিতে পারেন ও তিনিই দিবেন। তবে রাণীকে এই উপাধি দিলে তিনি দৃক পাত করুন না করুন কোটী কোটী লোকের যথাকথাঞ্চিত তৃপ্তি হইবে। দেওয়ান রাজিব লোচন রায় এই সমুদায় পুণ্যের এক জন অংশি সুতরাং আমরা যে রূপ নিশ্চিত জানি যে জগদীশ্বর যে রূপ রাণী ঠাকুরাণীর পুরুস্কারের সঙ্গে সঙ্গে তাঁহার দেওয়ানকেও পুরুস্কার করিবেন, ব্রিটিশ গবর্ণমেণ্ট ও সেই রূপ যদি বিচার করেন তবে সকলের আনন্দ শত গুণ বৃদ্ধি পাইবে। যেমন রাণী সেই রূপ দেওয়ান যেমন দেওয়ান সেই রূপ রাণী।

সনাতন ধর্ম্ম রক্ষিণী সভার বার্ষিক অধীবেশন হইয়া গিয়াছে। যে গুরুতর বিষয় হস্তে লইয়া সভা তর্ক করিতে মনস্থ করেন তাহার কিছুই শেষ হয় নাই। কন্যাপণ নিবারণ সম্বন্ধে ভারি তর্কাতকি হইয়া গিয়াছে ও ইহার শেষ মীমাংশা নাকি আগত জ্যৈষ্ঠ মাসের সভায় হইবে। কি আশ্চর্য্য! যেখানে অধিক গর্জ্জন সেখানেই কম বর্ষণ। সে যাহা হউক, আমাদের ভরশা হয় যে ইহাদের অপেক্ষা বোয়ালিয়া ধর্ম্ম সভা, ও ফরিদপুরের কন্যাপণ নিবারিণী সভা অধিক কাজকরিবেন। পুরুষ কি স্বার্থপর! পুরুষের বিবাহ করিতে কিছু টাকা লাগে ইহাই নিবারণ করিবার নিমিত্ত নানা স্থানে সভা হইতেছে কিন্তু বিধবা দিগের যে আজীবন কাল পর্য্যন্ত দুঃসহ বৈধব্য যন্ত্রণা সহ্য করিতে হইতেছে তাহাতে কেহ কথা বলেন না। প্রকৃত কথা বিধবা বিবাহ প্রচলন না করিলে কন্যা পণ কমিবে না। জগদীশ্বরের নিয়ম খণ্ডন করা যায় না তিনি একটী পুরুষ আর একটী স্ত্রী সৃষ্টি করিয়া থাকেন, যদি বিধবা বিবাহ না দেহ গৃহ শূন্য পুরুষের বিবাহ দিও না তাহা হইলে ও সমান সমান থাকিয়া যাইবে, এখন কার যেরূপ নিয়ম তাহাতে কন্যার বাজার ক্রমে গরম হইতেছে।

Centre for Studies in Social Sciences, Calcutta

কলিকাতা রিবিউ।

গত আপ্রিল মাসের কলিকাতা রিবিউতে যে কএকটী বিষয় প্রকাশিত হইয়াছে তাহার মধ্যে চিরস্থায়ী বন্দবস্ত, বজেট, হিন্দু পরিবার এবং বাঙ্গলা সাহিত্য প্রভৃতি কয়েকটী বিষয়ের সঙ্গে আমাদের অধিক নৈকট্য সম্বন্ধ। আজ কয়েক বৎসর অবধি এদেশে চিরস্থায়ী বন্দবস্ত লইয়া তুমুল সংগ্রাম বাইতেছে। পৃথিবী ময় প্রায় এক্ষণ দুইটী দল প্রবল হইয়া উঠিয়াছে। এক দলের ইচ্ছা যে আমাদের যাহা আছে তাহাই ভাল এবং তাহাই তাঁহারা সযত্নে রক্ষা করিতে চান অপর দল ইহার বিপরীত। ইহারা উন্নতি শীল সুতরাং সকল বিষয় পরিবর্ত্তন করিতে ভাল বাসেন। উন্নতি শীল দল উৎসাহ ও জীবন পুর্ণ, তাহাদের সংকল্প উদ্যম পুর্ণ এই নিমিত্ত এ দলের বৃদ্ধি দিন দিন হইতেছে। এক্ষণকার রীতি, নীতি, আচার ব্যবহার ধর্ম্ম, রাজ নীতি প্রায় সেকেলে দলের অধিকারে, কাজেই ইহারা অপেক্ষা কৃত অলস উদ্যম শূন্য হইয়াও এক্ষণ ইহাদের আধিপত্য ভারি প্রবল। আমাদের দেশে এই দুই দলের উৎপত্তি ও উন্নতি ক্রমে হইতেছে। পশ্চিম দেশীয় জ্ঞানালোক বিশেষতঃ মিল কমটে প্রভৃতি গ্রন্থকার এই পরিবর্ত্তনটী এদেশে প্রবর্ত্তিত করিয়াছেন। উন্নতি শীল দলস্থেরা চিরস্থায়ী বন্দবস্তের বিপক্ষ তাহাদের আর আর তর্কের মধ্যে, জমিদারের ও অপর শ্রেণীস্থ লোকের অবস্থার ভয়ানক বৈসম্য একটী বলব তর্কের বস্তু। দেশের দীন দুঃখি প্রজা দিগের আহারের কষ্ট, পরিচ্ছদ বাস গৃহ প্রভৃতির জঘন্যতা, তাহারা জমিদার ও মহাজন কর্ত্তৃক কত নিষ্পীড়ন সহ্য করে এবং কি রূপে সাংসারীক কষ্ট ও মানসিক অনুন্নত অবস্থা প্রভৃতিতে জীবন অতিবাহিত করে, তাহা যিনি এক বার দৃষ্টি করেন এবং তাহার সঙ্গে জমিদার গণের সুখের অবস্থার তুলনা করেন তিনিই সেকেলেই হউন আর উন্নতি শীলই হউন একবার মনে মনে চিন্তা না করিয়া থাকিতে পারেন না যে প্রজারা বা অহনিশি লালায়িত হইয়া উদর পূর্ণ করিয়া চাট্টি শাক অন্ন জুঠাইতে পারেনাকেন? এবং জমিদার গণই বা কেন ভাবিয়া স্থির করিতে পারেন না যে তাহারা কি রূপে অর্থ ব্যয় করিবেন? এরূপ চিন্তা যখন যাহার মনে আইসে তখনই তাঁহার চিরস্থায়ী বন্দবস্তের কথা মনে পড়ে এবং তিনিই তখন ভাবেন যে লড কর্ণোয়ালিস কি রূপে কেবল নিজ স্বার্থের নিমিত্ত কোটী কোটী প্রজাকে সংসারের কষ্টে, মানসিক অন্ধকারে নিক্ষেপ করিয়া গিয়াছেন। লড কর্ণোয়ালিস যখন চিরস্থায়ী বন্দবস্ত করেন, তখন তিনি জমিদার গণের হিত উদ্দেশে এটী করেন না, ভারতবর্ষের উন্নতির কথা তখন তাহার মনে ছিল কি না তাহাও সন্দেহ স্থল তিনি দেখিলেন নিয়মিত রূপে রাজস্ব সংগৃহীত না হইলে রাজ্য থাকে না এবং নিয়মিত রূপে রাজস্ব সংগৃহীত হয় তিনি কেবল মুদ্ধ এই উদ্দেশে এই বন্দবস্তে প্রবর্ত্ত হন। তিনি প্রজা অপেক্ষা জমিদার গণকে অধিক ভাল বাসিতেন না এবং তাহাদের প্রতি ভাল বেসে তাহাদের সঙ্গে বন্দ বস্ত করেন না, তখন কার দেশের অবস্থা, ভারি শোচনীয় ছিল এবং প্রজারা রাজস্বের সরবরাহ করিতে পারিবে না জানিয়াই তিনি জমিদার গণের নিকট ভুমির স্বত্ব বিক্রয় করেন, ফল চির স্থায়ী বন্দবস্ত এক্ষণ উঠান যায় কি না এবং উঠাইলে তাহার পরিণাম কি হয় আমরা তাহাই দেখিব। কলিকাতা রিবিউতে এই বিষয়টী উত্তম লেখা হইয়াছে। কর্ণোয়ালিস কৃত প্রতিজ্ঞার উপর যে ভুমির কর আর বৃদ্ধি হইবে না এটী এক্ষণ একরূপ সর্ব্ববাদী সম্মত। তবে এক্ষণ এসম্বন্ধে আর একটী তর্ক উঠিয়াছে। অনেকে বলিতেছেন যে ভুমির কর বৃদ্ধি না হইতে পারে কিন্তু জমিদারের উপর অপর ট্যাকস বসিবে না কেন? মিলের মত যে ভুমির প্রকৃত সত্বাধিকারী গবর্ণমেণ্ট এবং তিনি যখন জমিদারের নিকট ভুমির কর গ্রহণ করেন তখন জমিদার গণের নিজের কিছু দিতে হয় না। গবর্ণমেণ্টর বস্তু জমিদার গণ ব্যবসায়ে খাটান এবং এই নিমিত্ত অন্যান্য ব্যবসায় বাণিজ্যের ন্যায় তিনি জমিদারির কর গ্রহণ করিয়া কেবল ব্যবসাযোৎপন্ন লভ্যের নিজ অংশ মাত্র গ্রহণ করেন। জমিদারেরা রাজস্ব দিয়া তাহাকে কর বাবদে কিছু দেন না সুতরাং তাহাদের উপর ট্যাকস সংস্থাপনের সময় তাহারা যে রাজস্ব দেন বলিয়া উহা দিতে অস্বীকার হন সে নিতান্ত অন্যায় এবং মিল সাহেবের মতে জমিদারেরা অপর প্রজার ন্যায় সকল ট্যাকসই দায়ী। কেবল এই মতের উপর নির্ভর করিয়া সেস করের সংকল্প হইয়াছে। সেসকর সকল প্রজার উপর পড়িবে সুতরাং চিরস্থায়ী বন্দবস্তের নিমিত্ত জমিদারেরা ইহা হইতে নিষ্কৃত পাইতে পারেন না, অন্ততঃ ডিউক অব আরগাইল এসম্বন্ধে এইরূপ সিদ্ধান্ত করিয়াছেন। কলিকাতা রিবিউর প্রস্তাব লেখক এই ভ্রমটী খণ্ডন করিয়াছেন। তিনি সপ্রমাণ করিয়াছেন যে জমিদারেরা যে রাজস্ব দেন উহা মিল যে রূপ বলেন উহা তাহা নয়। তাহারা ইহা দ্বারা ট্যাকস দেন। তিনি ইহার এ সম্বন্ধে যে তর্ক করিয়াছেন, তাহাতে তাহার বিলক্ষণ বিদ্যা বুদ্ধি প্রকাশ পাইয়াছে।

সমাজের প্রকৃতি অনুসারে রাজ শাসন প্রণালীর ভিন্ন ভিন্ন আকৃতি ধারণ করে। এবং যখন সামাজিক পরিবর্ত্তনের স্রোত প্রবল বেগে প্রবাহিত হয় তখন রাজ শাসন প্রণালী যতই কঠোর ও স্বেচ্ছাচারি হউক না কেন উহা ভাঙ্গিয়া আপনার আকৃতির সামঞ্জস্য করিয়া তুলে। সমাজ জীবন শূন্য নহে, উহাকে মন্দ রাজ নীতির অনিষ্ট প্রভাবে ক্ষণকাল কাতর করিতে পারে বটে কিন্তু যদি সমাজ এক কালে নির্জীব হইয়া না পড়ে থাকে তবে ক্রমে উহা নিশ্চয় আবার সজীব ও সুস্থ হইয়া উঠে। চিরস্থায়ী বন্দবস্ত দ্বারা সুতরাং যদি দেশের প্রকৃত অমঙ্গল হইতে থাকে তবে কেহ কখনই উহা রক্ষা করিতে পারিবেন না তবে এক্ষণ এ দেশের অবস্থা যেরূপ তাহাতে কি সেটী সম্ভব অথবা প্রার্থনীয়? চিরস্থায়ী বন্দবস্তের উচ্ছেদে সম্ভবতঃ গবর্ণমেণ্টের ও প্রজার লাভ হইতে পারে। গবর্ণমেণ্টের তাহা হইলে রাজস্ব বৃদ্ধি হইবে কিন্তু তাহাতে লাভ? এক্ষণ ৫২ কোটী টাকা রাজস্ব আদায় হইতেছে তখন নয় ৫৫ কোটী টাকা আদায় হইবে এবং এই তিন কোটী টাকার কতক ইংলণ্ডে হোম চর্জ্জের উপলক্ষে, কতক পবলিক ওয়ার্কের ভস্ম কীট পুর্ণ উদরে, কতক সিবিলিয়ান গণের গ্রাসে পর্য্যাবসিত হইবে, হইবার মধ্যে এদেশের অর্থ গুলিদ্বারা ইংলণ্ড স্ফীত হইবেন, আমরা আরো বলহীন হইব ও ইলণ্ড আরো ক্ষমতা শালী হইবেন। জমিদারেরা অর্থ গৃহে সঞ্চয় করিয়া রাখেন বটে কিন্তু তাহারা অনেকে ভারি ভোগ বিলাসী, শ্রাদ্ধ ও উৎসব উপলক্ষেও অনেকে বিস্তর অর্থ ব্যয় করেন সুতরাং জমিদারের হস্তে টাকা গিয়া দেশের মধ্যে যে অর্থ স্রোত প্রবাহিত করে গবর্ণমেণ্টের হস্তেগেলে আর সেটী ও হইবেনা। ইংলণ্ডে সমুদয় অর্থ গুলি প্রেরিত হইবে। গবর্ণমেণ্ট যে রাজস্ব এইরূপে পর্য্যাবসিত করিবেন এটী আমাদের আশঙ্কা মাত্র কিন্তু আয় ব্যয় সম্বন্ধে গবর্ণমেণ্ট যে প্রণালী অবলম্বন করেন তাহাতে এটী শুদ্ধ আশঙ্কা না হইবারই সম্ভাবনা। মন্দ্রাসও অন্যান্য প্রেসিডেন্সীতে গবর্ণমেণ্ট বন্দবস্ত করিয়া থাকেন এবং সেখানে প্রজার যে রূপ দুরাবস্থা তাহাতে বাঙ্গলায় এইপ্রণালী অবলম্বিত হইলে প্রজারা সুখী হইবে এরূপ অনুমান করা যায় না বিশেষতঃ গবর্ণমেণ্ট রাজস্ব আদায়ের নিমিত্ত এক্ষণকার ন্যায় কঠোর নিয়ম রাখিবেন। প্রজারা এদেশে যে রূপ নির্ধন ও কৃষি কার্য্যের নিমিত্ত যে রূপ ঈশ্বরের অনুগ্রহের উপর নির্ভর করে তাহাতে কখনই তাহারা নিয়ম মত রাজস্ব দিতে পারিবেনা। জমা বিক্রয় হইবে

ধর্ম্ম বিরুদ্ধ কি না সন্দেহ স্থল, কিন্তু বেশ্যা গমন, সুরাপান, অখাদ্য ভক্ষণ, শাস্ত্র নিষিদ্ধ ইহা সর্ব্ববাদী সম্মত এই সমুদায় দোষে যাহারা দোষী তাহাদের নামে মকর্দ্দমা উপস্থিত করেন বা তাহাদের ঘর পুড়াইয়া দেন না কেন? একটী অনিশ্চিত হিন্দু ধর্ম্ম বিরুদ্ধ আর গুলি নিশ্চিত হিন্দু ধর্ম্ম বিরুদ্ধ, অনিশ্চিতটীর জন্যে এত দণ্ড নিশ্চিৎটীর নিমিত্ত তাহারা কি দণ্ড বিধান করিয়া থাকেন?

যাহারা শুদ্ধ ঋপুর বশীভূত হইয়া বিধবা বিবাহ সমর্থন কারী দিগের প্রতি অত্যাচার করেন তাহাদের গুটী দুই কথা বিবেচনা করা উচিত। বিধবা বিবাহ প্রচলন নিমিত্ত যাহারা যত্নশীল তাহারা প্রায়ই নিস্বার্থ। এরূপ লোক অত্যাচারে দমন হয় না, বরং তাহাদের উৎসাহ বৃদ্ধি করে। ব্রাহ্ম ধর্ম্ম প্রচারে অখাদ্য ভক্ষণে কিছু কিছু স্বার্থ থাকিতে পারে কিন্তু বিধবা বিবাহ দেওয়ায় একটী লোক ছাড়া কাহারো স্বার্থ সাধন হয় না। সে একটী লোক ঐ বিধবা কন্যা। তাহারই বা দোষ কি? সহস্র সহস্র বৎসর তাহা দিগকে বলিয়া আসিয়াছ যে তোমাদের এক বার স্বামী মরিলে আর বিবাহ হইবেনা, আমাদের যে কয়েক বার স্ত্রী মরিবে বিবাহ করিতে পারিব, এবং তাহারা এই বন্দ বস্তেই মস্তক নত করিয়া ছিল, আইজ তাহা দিগকে শিখাইলে তাহারা বিবাহ করিতে পারিবে, আবার এই বন্দবস্তে তাহারা মস্তক নত করিল, সুতরাং তাহাদেরই বা দোষ কি? তাহাদের উপর বিরক্ত হইবারও কোন কারণ নাই, তবে যাহারা ক্রুদ্ধ হইয়া অত্যাচারে প্রবর্ত্ত হয়েন তাহারা কাহার উপর ক্রুদ্ধ হয়েন?

পরিশেষে আর একটী কথা। ভারতবর্ষের দুর্দ্দশার এক শেষ হইয়াছে। এ কি বিধবা দিগের সাপে! বিধবা দিগের অভিশাপ বড় লাগে। কিন্তু বিধবা কন্যা, বিধবা ভগিনী দিগের অভিসাপে নিস্তার নাই।

আমরা শুনিলাম মুরশদাবাদের নবাবের নবাবি উপাধি তাহা হইতে শেষ হইবে, তাহার পুত্রেরা আর নবাব হইতে পারিবেন না, আবার মুরশদাবাদের মুসলমানেরা নাকি রাষ্ট্র করিতেছে যে নবাব উজিরালী বিলাতে গিয়া দেশ দখল করিয়া লইয়াছেন স্বত্বর তিনি দেশে প্রত্যাবর্ত্তন করিবেন।

চাচড়ার রাজা বরদাকণ্ঠ রায় বাহাদুর একটী অতি প্রধান ও সদানুষ্ঠানে প্রবৃত্ত হইয়াছেন। এটী এক রূপ সর্ব্ববাদী সম্মত যে স্ত্রী জাতিরা রোগীকে যেরূপ সেবা শুশ্রুষা করিতে পারে পুরুষের পক্ষে সেটী সম্পূর্ণ অসম্ভব, ইহাতে স্ত্রী জাতিতে যদি চিকিৎসা অধ্যায়ন করে তবে তাহারা সর্ব্বরূপে বিশিষ্ঠ চিকিৎসক হইতে পারে। আমেরিকায় স্ত্রী চিকিৎসকের সংখ্যা দিন দিন বৃদ্ধি হইতেছে এবং ইংলণ্ডে যদি ডাক্তার গণের আধিপত্য কিছু কম থাকিত তবে সেখানেও এত দিন সহস্র স্ত্রীলোক সহস্র চিকিৎসক হইয়া উঠিতেন। রাজা বরদা কণ্ঠ যশোহরে স্ত্রী লোককে চিকিৎসা শাস্ত্র শিক্ষা দেওয়ার নিমিত্ত একটী বিদ্যালয়ের উদ্যোগ করিতেছেন। তাহার স্ত্রী জাতিকে শুদ্ধ ধাত্রি বিদ্যা কি সমুদয় চিকিৎসা শাস্ত্র শিক্ষা দেওয়া উদ্দেশ্য তাহা আমরা এক্ষা জানি নাই, তাহার কার্য্য প্রণালীই বা কি তাহা আমরা এক্ষণ পর্য্যন্ত অবগত হই নাই। আমরা শুনিলাম তিনি এই বিষয় মাজিস্ট্রেট সাহেবের নিকট প্রস্তাব করেন এবং মাজিস্ট্রেট সাহেব উহা কমিশনারের নিকট লিখিয়াছেন। রাজা বাহাদুর কলিকাতায় অবস্থিতি করিয়া স্বয়ং উহার তদ্বির করিতেছেন। ধাত্রী বিদ্যা না জানাতে এদেশের কত নব প্রসুত সন্তান নষ্ট হয়, কত প্রসুতী অশেষ কষ্ট পান এবং অনেক সময় কষ্ট পাইয়া মৃত্যু গ্রস্থ হন তাহা বলা যায় না। শুদ্ধ ইহা নয় অনেক সন্তান শুদ্ধ ধাত্রী গণের মুর্খতা নিবন্ধন শ্বাস কাশ কি এই রূপ উৎকট পীড়া গ্রস্থ হয়। এবং ধাত্রী বিদ্যার প্রচার দ্বারা ইহা অনেক নিবারণ হইবে। গবর্ণমেণ্ট যদি শিশু হত্যা নিবারণের নিমিত্ত উত্তর পশ্চিমাঞ্চলে একটী আইন বিধি বদ্ধ করা প্রয়োজন বোধ করিয়া থাকেন তবে রাজা বাহাদুরের সদানুষ্ঠানের পোষকতা করাও গবর্ণমেণ্টের পক্ষে অতি কর্ত্তব্য কর্ম্ম।

আজিম গঞ্জ রেলওয়ের অসুবিধার কথা আমরা প্রায় শুনি। এক্ষণ সেখানে এই রূপ নিয়ম হইয়াছে, নলহাটী প্রতুষে ৪ টার সময় ইষ্ট ইণ্ডীয়ান রেলওয়ের লুপ লাইনের গাড়ী পৌছে এবং আজিম গঞ্জের গাড়ী সেখান হইতে ৫।।০ টার সময় রওনা হয়, আবার আজিম গঞ্জ হইতে প্রায় বারটার সময় রওনা হইয়া নলহাটী ২ টার সময় পৌছে। নল হাটীতে ডাউন ট্রেন ৮ টা রাত্রে আইসে এবং দুইটা হইতে ৮ টা পর্য্যন্ত এই ছয় ঘণ্টা যাত্রী গণের নলহাটী বসিয়া থাকিতে হয়। আজিম গঞ্জ হইতে দুইটাই না ছাড়িয়া আর খানি বিলম্ব করিয়া ৫। ৬ টার সময় গাড়ী ছাড়িলে কি হয় না? ইহাতে যাত্রীগণ নিরর্থক কষ্ট পায় না অথচ বহরমপুর হইতে ছুটী উপলক্ষে যে দিন আফিস বন্দ হয় সেই দিন লোকে রেলে যাইতে পারে। রাম গতি বাবু এই রূপ বন্দ বস্ত করেন না কেন?

মুল্যপ্রাপ্ত।

বাবু দ্বারকানাথ কর, মামুদপুর, ৭৭ সালের চৈত্র ৮

বাবু কৈলাস চন্দ্র মজুমদার, শৈদপুর, ৭৮ সালের বৈশাখ ৮

বাবু ত্রৈলোকা নাথ ঘষ, ছাপরা, ৭৬ সালের চৈত্র ১০

বাবু রাম চন্দ্র মুখোপাধ্যায়, কৃষ্ণনগর, ৭৭ সালের মাঘ ৮

বাবু নবিন কৃষ্ণ মুখোপাধ্যায়, কৃষ্ণনগর, ৭৭ সালের মাঘ ৮

মাজিস্ট্রেট সাহেব, কৃষ্ণনগর, ৭৭ সালের মাঘ ৮

বাবু বিষ্ণু চন্দ্র দত্ত, কৃষ্ণনগর, ৭৭ সালের মাঘ ৮

বাবু ভূষণী মণি দত্ত, কৃষ্ণনগরের কলেজ ৭৮ সালের চৈত্র ৮

বাবু তারাবিলাস মিত্র, রাণাঘাট, ৭৮ সালের ফাল্গুণ ৮

বাবু জন্মেজয় পালিত, আখুড়া, ৭৭ সালের মাঘ ৮

বাবু কমলা প্রসাদ বন্দোপাধ্যায়, সাঞ্চিড জা, ৭৮ সালের চৈত্র ... ৮

বাবু হীরালাল ভবানী, বগুড়া, ৭৭ সালের মাঘ ৮

বাবু বীরেশ্বর মুখোপাধ্যায়, দত্তপুখুর, ৭৭ সালের কার্ত্তিক ১০

বাবু শ্রীনাথ দাস, হাইকোর্ট ৭৭ সালের মাঘ ৮

বাবু শশিভূষণ মুখোপাধ্যায়, ধুলনী, ৭৭ সালের মাঘ ৮

বাবু জয় কৃষ্ণ বসু, শোভাবাজার ৭৮ সালের ফাল্গুণ ৮

বাবু মহেন্দ্র নাথ বন্দোপাধ্যায়, কলিকাতা, ৭৮ সালের চৈত্র ৮

বাবু কেশব চন্দ্র ধর, যশোহর, ৭৮ সালের মাঘ ৫

সংবাদ।

—খাইবিরিয়ার উপদ্রবের শান্তি হয় নাই। বন্য গণ অত্যন্ত উৎসাহ সহকারে কার্য্য করিতেছে, স্ত্রী লোকেরা পর্য্যন্ত যুদ্ধ করিতে প্রস্তুত হইতেছে। পক্ষান্তরে আমীরও উৎসাহ প্রদর্শন করিতেছেন। তিনি নিজ সেনাপতিকে যুদ্ধ করিতে আদেশ দিয়াছেন, এবং তাহাকে বলা হইয়াছে যদি তিনি বিদ্রোহী দিগকে দমন করিতেন না পারেন, তাহাকে গুলি করা হইবে। আমীর একটী দরবার করেন। উহাতে সর্দ্দারেরা আমীরের যথাসাধ্য সাহায্য করিবেন বলিয়া শপথ করেন। সং প্র

—সোম প্রকাশের একজন সংবাদ দাতা বলেন, এখানে বিধবা বিবাহ সম্বন্ধে একটী মিথ্যা অভিযোগ উপস্থিত হইয়াছে, এবং যাহারা বিধবা বিবাহের পক্ষ তাহাদের প্রতি নানা প্রকার অত্যাচার হইতেছে। সম্প্রতি বিধবা বিবাহ সম্বন্ধে যে একটী হৃদয় বিদারক ঘটনা হইয়া গিয়াছে, তাহাতে আমরা বিস্ময়াপন্ন হইয়াছি। বিগত ১৭ ই বৈশাখ শনিবার সন্ধ্যার পর বর ও কন্যা যে বাটীতে অবস্থান করিতেন, তথায় এক জন লোক গোপনে প্রবেশ করিয়া অগ্নি প্রদান করে, সে সময়ে অন্য কেহ বাটিতে ছিল না, এবং কন্যাটীও নিদ্রিতাবস্থায় ছিল, হঠাৎ প্রজ্জ্বলিত অগ্নি দেখিয়া এবং বাহিরে আসিবার উপায় না দেখিয়া ক্রন্দন ও চিৎকার করিতে লাগিলেন, তাহার আত্মীয়েরা অনেক কষ্টে তাহাকে বাহিরে আনিলেন এবং এই রূপে তাহার প্রাণ রক্ষা হইল।

—ডলিনিউস বলেন, কাউসজী জাহিঙ্গীর একটী বাতুলালয় নির্ম্মাণের নিমিত্ত গবর্ণমেণ্টে আবেদন করিয়া বলিয়াছেন, যদি গবর্ণমেনট এ নিমিত্ত ৫০০০০ টাকা দেন, তাহা হইলে তিনিও ৫০০০০ টাকা দিতে প্রস্তুত আছেন।

—হাউস অফ কমন্সে এক জন সভ্য প্রস্তাব করিয়াছেন যে, যেমন লণ্ডনে রবিবারে ডাকের চিটি বিতরণ করা বন্ধ থাকে, তেমনি অন্যান্য স্থানেও হওয়া উচিত॥ কারণ যাহারা সপ্তাহের মধ্যে ৭ দিন কর্ম্ম করে, তাহাদের এক দিন বিশ্রাম দেওয়া উচিত।

—ত্রিবাঙ্কোরের রাজা, নিদ্দায়রাও কোচিনের মধ্যে যে হ্রদ আছে, তাহাতে যাতায়াতের সুবিধার নিমিত্ত এক খানি বাষ্পীয় জাহাজ লইয়া গিয়াছেন॥ তাহা দর্শনে, লোক দিগের অত্যন্ত আশ্চর্য্য জ্ঞান হইয়াছে॥

—"সর এফ আউটরম স্কট লণ্ডের একটী সমাজে বাবু কেশব চন্দ্র সেনের বিপক্ষে কিছু বলিয়াছেন॥ তিনি বলেন যে কেশব বাবু ইংলণ্ডীয় খ্রীষ্টির সমাজ দ্বারা যত সন্তোষ পূর্ব্বক গ্রাহ্য হইয়াছেন তিনি তাহার যোগ্য নহেন॥ আরও বলিয়াছেন, কেশব বাবু খ্রীষ্ট ধর্ম্মের সপক্ষ ব্যক্তি নন, সুতরাং তাহাকে প্রধান স্থান দেওয়া অনুচিত॥ বাস্তবিক, কেশব বাবু বিদেশীয় ভদ্র লোক, সমাজে ইংরাজী ভাষায় সুন্দর বক্তা, পৌত্তলিক ধর্ম্ম পরিত্যাগী, এবং স্বর্গরাজ্যের নিকটবর্ত্তি, এই সকল জানিয়া ইংলণ্ডীয়েরা তাহাকে সন্তুষ্ট ভাবে গ্রাহ্য করিয়াছিলেন॥'

—আমরা শুনিয়া অতিশয় আহ্লাদিত হইলাম, সংস্কৃত কালেজের অধ্যক্ষ বাবু প্রসন্ন কুমার সর্ব্বাধিকারী পীড়া বশতঃ ছুটী লইয়া লক্ষ্ণৌ গমন করিয়াছিলেন; তিনি এক্ষণে বিলক্ষণ সুস্থ হইয়াছেন, ছুটীর অবসানেই স্বকার্য্যে প্রত্যাবৃত্ত হইবেন॥

—রাজ কোটে অল্প বয়স্ক একটী ব্রাহ্মণ ছাত্র খ্রীষ্টিয়ান ধর্ম্ম পরিগ্রহণার্থে এক জন মিসনারির আশ্রয় লইয়াছিল॥ তাহার পিতা মাতা পুত্রের মত ফিরাইবার জন্য অনেক চেষ্টা করিল কিন্তু কৃতকার্য্য হইতে না পারিয়া অবশেষে মিশনারীর নামে এদেশীয় এক জন মাজিষ্ট্রেটের নিকট নালিশ করিল॥ মাজিষ্ট্রেট নিয়ম মত মিশনারীকে তলব করিলেন॥ কিন্তু মিশনারীর দেশীয় মাজিষ্ট্রেটের কাছারিতে যাওয়াতে অস্বীকার প্রকাশ করিবায় মাজিষ্ট্রেটের হুকুম অনুসারে তাহাকে গ্রেপ্তার করিয়া লওয়া যায়॥ আদালত অমান্য করাতে তাহার দশ টাকা জরিমানা হইল॥

—বোম্বাইয়ের স্মল কজ কোর্টের দ্বিতীয় জজ মানিকজী কাসেটজীর নিকটে ৪০ টাকার এক নালীশ হয়॥ এই মকদ্দমায় বোম্বাই গ্যাস কোম্পানি ফারিয়াদি ও কবডেন নামক এক জন ইউরোপীয় আসামী। আসামীর অনুপস্থিত কালে ফরিয়াদির পক্ষে মকদ্দমার ডিক্রী হয়॥ আসামী উপস্থিত হইয়া বলিল, আসামীর উপস্থিত হওয়া পর্য্যন্ত জজের অপেক্ষা করা কর্ত্তব্য ছিল॥ আদালতের প্রতি অবজ্ঞা প্রদর্শন জন্য তাহার দশ টাকা জরিমানা, উহা না দিলে ২ দিন কারাবাসের আজ্ঞা হইয়াছে॥ আসামী জরিমানা দিতে অস্বীকার করাতে জেলে প্রেরিত হইয়াছেন॥

—ঢাকা প্রকাশ বলেন, "উচ্চ শিক্ষা উঠিয়া যাইবে, এই বলিয়া কয়েক দিন হয় বড়ই গোল হইয়া ছিল, স্থানে২ সভা হইল, অনেক আবেদন প্রস্তুত ও স্বাক্ষরিত হইল, অবশেষে জানা গেল লর্ড মেও উচ্চ শিক্ষা উঠাইয়া দিবার মানস করেন না কেবল দেশীয় ভাষা ইত্যাদি শিক্ষার জন্য বিশেষ যত্ন করিতেছেন। লোকে ভ্রম বশতঃ তাহার এক উদ্দেশ্যকে অপর উদ্দেশ্য অনুমান করিয়া মিছা আন্দোলন করিয়াছে! কিন্তু আমরা না বলিয়া পারিনা যে এই ভ্রমটী কেবল আমাদের অর্থাৎ সংবাদ পত্র সম্পাদকদের হইয়া ছিলেন না। ভুতপুর্ব্ব লেপ্টেনেনট গবর্ণর প্রবীনমতি গ্রে সাহেবেরও হইয়াছিল তবে যখন প্রায় সাধারণেই এই বুঝিয়াছিল, তখন এটী কাহার ভ্রম তাহা নিশ্চয় করিয়া বলা যায়না। স্বীকার করিয়া লইলাম, লর্ড মেওর উদ্দেশ্য আমরা কেহই বুঝিতে পারিয়াছিলাম না। কেহই কি গবর্ণমেনটের উদ্দেশ্য বুঝিতে পারিয়াছিল না?

—অবজারবর বলেন বিশ্ব বিদ্যালয়ের গত সভাতে আমাদের বর্ত্তমান লেফ্‌টেনানট গবর্ণর বলিয়াছেন যে প্রাকৃতিক বিজ্ঞান অধ্যায়ন করাইবার নিমিত্ত অর্থ সঙ্কুলান করিতে তিনি প্রস্তুত আছেন। কিন্তু তিনি অন্যতর ভাষা অধ্যয়নের স্থলে সংস্কৃত ভাষাকে তাদৃক উপযুক্ত বিবেচনা করিলেন না॥ এটী দুঃখের বিষয় সন্দেহ নাই। আমরা ভরশা করি তিনি সত্বর এ বিষয়ে মনোযোগ করিবেন॥

—গত শুক্রবারে কাশীপূরের কিছু দূর গঙ্গা হইতে জেলেরা একটি বৃহৎ হাঙ্গর ধরিয়া পুলিষ কোর্টে লইয়া যায়। সকলে দর্শন করিবার পর উহার লাঙ্গুলটী কাটিয়া লওয়া হয়॥ যে ব্যক্তি হাঙ্গর ধরিয়াছিল, পুলিষের ডেপুটি কমিসনর তাহাকে ৫ টাকা পুরস্কার দিয়াছেন॥

—মফস্বলাইটের গাজি পুরের সংবাদ দাতা বলেন, ডেপুটী মাজিষ্ট্রেট পণ্ডিত দেবী প্রসাদ একটী আশ্চর্য্য ধরণের মকর্দ্দামা বিচার করিয়াছেন॥ দুই জন ব্যক্তি একটী স্ত্রীর স্বামী বলিয়া তাহার নিকট আসিয়া অভিযোগ করিল, এই ব্যক্তি দ্বয়ের উভয়েরই স্ত্রীটিকে পাইতে অভিলাষ॥ সুবোধ পণ্ডিত তাহাদের প্রত্যেককে ঐ স্ত্রীটি পনর দিন করিয়া রাখিতে বলিয়া মকর্দ্দামা নিষ্পত্তি করিয়া দিলেন॥ কৃত্রিম স্বামী কোন রূপ আপত্ত না করিয়া তাহাতে সম্মত হইল, কিন্তু প্রকৃত স্বামী তাহাতে অসন্তোষ প্রকাশ করিয়া তাহার প্রতি অন্যায় করা হইয়াছে এবং এবিষয় আবার বিচার হউক এরূপ বলিতে লাগিল॥ ইহাতে স্পষ্টই বুঝা গেল যে স্ত্রীটি শেষোক্ত ব্যক্তির এবং তাহাকেই দেওয়া হইল॥

—গবর্ণর সাহেব বেলী সাহেবকে পুনরায় বিশ্ব বিদ্যালয়ের ভাইশ চানসেলার নিযুক্ত করিয়াছেন॥

—বাবু রমেশ চন্দ্র দত্ত এবং বাবু বেহারি লাল গুপ্ত (যাহারা সিবিল সর্ব্বিশ পরীক্ষায় উর্ত্তীর্ণ হইয়াছেন এবং তদপরে ইনার টেম্পেলে ভর্ত্তি হইয়াছেন) আগত সেপ্টেম্বার মাসে ভারতবর্ষে প্রত্যাবর্ত্তন করিবেন॥

—মীন মীরের বিখ্যাত বণিক রহিম বকস মীনমিরর ক্যাণ্টনমেণ্টে একটি দাতব্য চিকীৎসালয় স্থাপনের জন্য দুই হাজার টাকা দান করাতে পঞ্জাব গবর্ণমেণ্ট তাহার নাম রাইসির দলের মধ্যে পরিগণিত করিয়াছেন। তিনি সকল সাধারণ দরবারে উপস্থিত হইতে পারিবেন॥

—যে সমুদয় অসংখ্য ভদ্র লোক কার্য্য উপলক্ষে প্রত্যহ কলিকাতায় যাইতেছেন তাহাদের গতায়াতের সুবিধার জন্য কোননগর এবং শ্রীরাম পুরের মধ্যে একটি রেলওয়ে ষ্টেশন স্থাপন উদ্দেশে রিশরা, মোর পুকুর, মহেশস্থ বাগন্দরা রেলওয়ে এজেন্সি বোর্ডের চেয়ার ম্যানের নিকট দরখাস্ত করিয়াছেন॥ তাহারা বলেন যে ষ্টেশন গৃহ এবং অন্যান্য যে সমুদয় আবশ্যকীয় দ্রব্যের জন্য যে খরচ লাগিবেক লোকের আমদানি রপ্তানি দ্বারা শুদ্ধ তাহাই উঠিবে এমন নয়, ইহাতে কোম্পানির বিলক্ষন লাভ দাঁড়াইবে॥ বৎসর২ ধর্ম্ম সম্বন্ধীয় উৎসব উপলক্ষে চতুস্পার্শ্বস্থ গ্রাম হইতে তথায় প্রায় পঞ্চাশ হাজার লোকের সমারোহ হইয়া থাকে॥

√ —"গবর্ণমেণ্ট বঙ্গদেশীয় ভুমি সম্পত্তির অধিকারিদিগের প্রতি কর নির্দ্ধারণের অন্যায় অনুষ্ঠান করাতে তাঁহারা যে প্রকার অসন্তোষ প্রকাশ করিতেছেন, বোম্বাই নগরে ভূমির কর বৃদ্ধির প্রস্তাব হওয়াতে তথাকার প্রজারাও সেই রূপ অসন্তুষ্ট হইয়াছে, কারন গবর্ণমেণ্ট ইতি পুর্ব্বে ভূমির রাজস্ব বিষয়ে বোম্বাই রাজ্যে যে বন্দ বস্ত করিয়াছেন, তাহাতে এক প্রকার প্রতিজ্ঞা করা হইয়াছে যে, ১০ বৎসর পর্য্যন্ত তাহা স্থায়ী হইবেক, এই অবধারিত সময়ের মধ্যে তাহার কোন অন্যথা করিবেন না, কিন্তু ইতিমধ্যেই এক নুতন সূত্রাবলম্বন করিয়া ভূমির রাজস্ব কিছু বৃদ্ধি করিবার সুত্রপাত করাতে সকলেই গবর্ণমেণ্টকে প্রতিজ্ঞা ভঙ্গকারী বলিতেছেন,,।

—পোষ্টআফিসের ডাইরেক্টর জেনেরল ফেুঞ্জ অব ইণ্ডিয়াতে একখানি পত্র লিখিয়া এরূপ অভিপ্রায় ব্যক্ত করিয়াছেন যে, সংবাদ পত্রের ডাক মাশুল হ্রাস করিয়া ১০ তোলা পর্য্যন্ত অর্দ্ধআনা নিরূপণ করণার্থ শীঘ্র গবর্ণমেনটে প্রস্তাব করিবেন। শুভ সংবাদ বটে, ডাইরেকটর জেনেরল যদি ইহা করেন, তাহা হইলে সাহিত্য সমাজ তাঁহাকে ধন্যবাদ দিবে।

প্রেরিত।

মহাশয়॥

আপনার চাঁপতলার পত্র প্রেরক কতক গুলি মিথ্যা কথা লিখিয়াছেন॥ হাট বেড়িয়া'র কুঠিয়াল সাহেব প্রজা দিগের উপর বিস্তর দয়া করিয়া থাকেন॥ আর তাহার আমলা গণ সমুদায় ভদ্র লোক, তবে আপনার তাহা কেহ ছাড়ে না॥ আপনি যদি পক্ষপাত শূন্য হয়েন তবে আমার এই পত্রিকা খানি আপনার জগদ্বিখ্যাত পত্রিক পার্শ্বে স্থান দিয়া বাধিত করিবেন।

হাট বাড়িয়া
নীল প্রজা।

মহাশয়।

আমি এক জন সাহেব বাঙ্গালি। বাল্য কাল হইতে ইংরাজি অধ্যয়ন করিতেছি, ইংরাজি চাল চলন অনেক প্রকার শিখিয়াছি; আর যত হোক না হোক, দেশীয় কুসংস্কার মনের মধ্যে নাই বল্লেই হয়। কিন্তু সংপ্রতি যে একটী অদ্ভুত ঘটনা স্বচক্ষে দেখিয়াছি, তাহাতে মনের অবস্থা অত্যন্ত কদর্য্য, সন্দেহ হিল্লোলে, এরূপ উচ্ছাসিত যে আমি কোন কূলে উপনীত হইলে নিরুদ্বিগ্ন হইব, কিছুই ঠিক করিতে পারিতেছি না!

নদে জেলার অন্তঃপাতি থানা গোপাল নগরের অন্তর্গত বৈরাম পুর নামে একটী পল্লি আছে। আমি সেই গ্রামের এক জন বাসন্দা, ঘটনাটী আমাদের বাড়িতেই হয়। এক দিন বেলা ৯ টার সময় গৃহে প্রবেশ করিয়া দেখি মদীয় জেষ্ঠাঙ্গনা শয়ন করিয়া আছেন চক্ষু দিয়া অনর্গল অশ্রুধার নির্গত হইতেছে শরীর ঈষৎ কম্পিত। তিনি সে সময় সসত্বা ছিলেন, তাদৃশাবস্থা দেখিয়া কারণ জিজ্ঞাসা করিলাম উত্তর নাই॥ আমার এদিকে স্নানের বেলা হয়, দেরি সয় না। তাঁহার উত্তর না পাইয়া বিবেচনা করিলাম, বাড়ীতে কোন গোলযোগ হয়েছে কে কি বলেছে তাই এরূপ অবস্থায় আছেন। বাস্তবিক তাহা কিছুই নয়॥ আমার খুড়ী মাতা পীড়িতা ছিলেন শুনিবা মাত্র গাত্রোত্থান করিলাই তথায় গেলেন আমি অবাক হইলাম॥ তিনি জিজ্ঞাসা করিলেন "কেন মা, কি হয়েছে কাঁদছো কেন মা"? উত্তর নাই॥ বারম্বার জিজ্ঞাসিত হইলে কহিলেন 'আমার গা টা বড় ঘুচ্ছে'॥ 'তবে কান্না কেন'? আর কথা নাই॥ পরে তাহাকে পাক গৃহে লইয়া গেলেন আমি ও স্নান করিতে গেলাম। আসিয়া দেখি তিনি দুধ জাল দিতেছেন ভাবিলাম তবে কিছু নয়, আহারান্তে বাড়ী হইতে বহির্গত হইলাম॥ পল্লি গ্রামে লেখা পড়ার চর্চ্চা নাই তাস পাসার ভারি ধুম॥ আমি যে সেই আনন্দোপভোগ হইতে বিচ্যু হইব সেটা যুক্তি যুক্ত নয়, সুতরাং দলে মিশিলাম॥ এই রূপ আমোদে আছি এমন সময় এক জন আসিয়া আমাকে সম্বোধন করি-

অর্থশালী ব্যক্তিরা ক্রয় করিবে এবং ক্রমে আবার জমিদার হইয়া উঠিবে। কৃষি প্রজারা অদ্যাপি দুঃখের অবস্থার অবসান হয় নাই। তাহাদের এক্ষণ ও কথায় কথায় মহাজনের দ্বারস্থ হইতে হয় সুতরাং যে পর্য্যন্ত প্রজার অবস্থা উন্নত না হয় তত দিন ধনশালী ব্যক্তি গণের নিষ্পীড়ন হইতে তাহাদের নিস্তার পাইবার কোন উপায় নাই এবং এদেশে শুদের হার যেরূপ উচ্চ রাজবিচারের ব্যয় যেরূপ ভয়ানক তাহাতে কস্মীন কালেও যে প্রজার অবস্থা ভাল হইবে আমরা সেরূপ আশা করিনা। পৃথিবীর বর্ত্তমান অবস্থায় সামাজিক গঠন যেরূপ তাহাতে ক্ষমতাশালী ধনাঢ্য শ্রেণী ও তাহাদের সম্পূর্ণ অনুগ্রহাধীন নির্ধন আর এক শ্রেণীর উৎপত্তি নিবারণ কখনই হইবে না। আমেরিকায় এত স্বাধীনতা এবং সেখানে নিম্ন শ্রেণীস্থ লোকেরা এত উন্নত করিয়াছে সেখানেও ধনের গৌরব কিছু মাত্র কমেনাই সুতরাং সমাজের সম্পূর্ণ রূপে সংস্কার না হইলে চিরস্থায়ী বন্দবস্ত যাইবেনা তবে এ দেশের প্রজা দিগের অবস্থা যেরূপ শোচনীয় তাহাতে এক বার চিরস্থায়ী বন্দবস্ত ভাঙ্গিয়া যদি ইহাতে প্রজার কিছু মঙ্গল হয় এরূপ পরীক্ষা করিতে অনেকের নিতান্ত ইচ্ছা হয়। বস্তুত এরূপ পরিবর্ত্তনের ফল ভাল হওয়া যেরূপ নিশ্চিত ভাল হইবে না যে তাহারও কোন স্থিরতা নাই। যদি উক্ত কর্ত্তৃক প্রজার কিছু উন্নতি হয় এবং জমিদারেরা অবগত হইয়া প্রবল একটী মধ্যবিত্ত শ্রেণীর সৃষ্টি করেন তবে অশেষ মঙ্গল হইতে পারে এবং চিরস্থায়ী বন্দবস্ত উচ্ছেদ দ্বারা এরূপ পরিবর্ত্তনের আশা করা নিতান্ত উন্মাদের কার্য্য নহে তবে আমরা একটী বিষয় নিশ্চিত বলিতে পারি। গবর্ণমেণ্ট চিরস্থায়ী বন্দবস্ত ভাঙ্গিবেন না। অন্ততঃ উক্ত যেরূপ নির্ব্বিঘ্নে রাজস্ব আদায় হইতেছে ইহা অপেক্ষা কোন উৎকৃষ্ট প্রণালীর আবিষ্ক্রিয়া যতদিন না হয় তত দিন কখনই ইহা ভঙ্গ করিবেন না তবে জমিদার গণকে চিরস্থায়ী বন্দবস্তের অধীন রাখিবেন আবার অপর লোকের ন্যায় তাহাদের নিকট হইতে কর সংগ্রহ করিবেন।

Mr J Westland, the Magistrate and Collector of Jessore, who made persevering efforts to implicate one of the acquitted defendants of the Libel case, by bringing in another charge, which was subsequently found to be false has written a Description of Jessore and published it perhaps not on his own account. From which we extract the following para:—

Maggoora or Amritabazar, about four miles North of Jhinkergatcha, on the road just mentioned. It is only a considerable village, but a family of Ghoses small zemindars, resident in the place, established few years ago a Bazar which they named after their mother Amrita.

They got a printing Press sometimes since and in 1868 establshed a Bengallee Newspaper called *Amrita Bazar Puttrika.* It appears once a week and is conspicuous only for its scurrilous tone and its utter disregard of truth. Its declared circulation is 500.

We were not aware that what we said of Mr Westland in these columns occassionally, hurt him so deeply. We regret ever having pained him so and in atonement w give his opinions regarding us, recorded in an obscure book the benefit of a larger circulation. This ought to satisfy every reasonable man.

The following is from the Indigo Districts:—

We will allucidiate our position by an example One biggah of land yelds, at present 8 bundles of Indigo and the price of each bundle is rated at 4 as. Hence the Ryot recives on an average of Rs 2 per bigga. But a glance at the annexed estimate will show the loss the Ryot sustains by cultivating the crop.

	Rs	as
Rent	1	
Ploughing	1	8
Weeding		6
seeds	1	
Cutting		10
Conve		4
Total	Rs 4	as 12

And he recives as we said only Rs 2 per bigg. Add to this the harassing interference of the Ameen and other factory servants, the oppressions practised by the factry amlas and you get some idea of the position of an Indigo Ryot.

